পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী অফিসার,জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান জেলা শাখা

এবং

নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয়, ঢাকা-এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই১, ২০১৮, জুন ৩০, ২০১৯

সূচিপত্র

কর্মসম্পাদনের বার্ষিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: কার্যাবলি

সেকশন ২: কার্যাক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms)

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাণ পদ্ধতি

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Over View of the Performance of JMS, Bandarban)

সাম্প্রতিক অর্জন চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বৎসর সমূহের ৩বছর প্রধান অর্জন সমূহঃ

বাংলাদেশ জনসংখ্যার এক বিশাল অংশ নারী। নারী উন্নয়ন তাই জাতীয় উন্নয়নের অন্যতম শর্ত। সম অংশগ্রহণ ও সমঅংশীদারীত্ব নারীর সাংবিধানিক অধিকার। জাতীয় উন্নয়ন, দারিদ্র বিমোচন ও গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠার ক্ষেত্রে নারী পুরুয়ের সমঅংশীদারীত্ব নিশ্চিত হওয়া জরুরী। জাতীয় মহিলা সংস্থা নারীর অর্থনৈতিক উন্নয়ন, সচেতনতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ও অধিকার সংরক্ষণের মাধ্যমে নারী পুরুষের সমতা প্রতিষ্ঠা করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। বিগত ৩ (তিন) বছরে দরিদ্র মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ বাবদ ৪৫ (পয়তাল্লিশ) জন মহিলাকে জন প্রতি ১৫,০০০/- (পনের হাজার) টাকা হারে মোট ৬,৭৫,০০০/- (ছয় লক্ষ্য পচাত্তর হাজার) টাকা ঋণ বিতরণ করা হয়েছে। সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কার্যক্রমে মোট ২৭০ (দুইশত সত্তর) জন এবং পাশাপাশি নারী ও শিশু পাচার প্রতিরোধ, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধ কল্পে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ৩০ (ত্রিশ) টি উঠান বৈঠকের মাধ্যমে ১৪৬৫ (এক হাজার চারশত পয়ষট্টি) জন মহিলাকে সচেতন করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জঃ

বান্দরবান পার্বত্য জেলার ০৭(সাত) টি উপজেলায় দূর্গম এলাকা সমূহে সংস্থার কার্যক্রম সম্প্রসারণ না হওয়া, এবং সংস্থার জনবলের অভাবই প্রধান সমস্যা। এসব কারণে সংস্থার উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে এক বড় চ্যালেঞ্জ।

ভাবিষ্যৎ পরিকল্পনাঃ

বান্দরবান পার্বত্য জেলার এই ০৭(সাত) টি দূর্গম উপজেলায় বসবাসরত দরিদ্র, অসহায় ও নির্যাতিত মহিলাদেরকে সামাজিক নিরাপত্তা প্রদানসহ আইনগত সহায়তা দান করা।

২০১৮-১৯ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

১। ০৪ (চার) মাস মেয়াদি সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্সে প্রতি ব্যাচে ৩০ (ত্রিশ) জন করে মোট ৯০ (নব্বই) জন মহিলা প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা।

২। দরিদ্র, অসহায় ও নির্যাতিত মহিলাদেরকে আইনগত সহায়তা প্রদান করা (আবেদন/অভিযোগ প্রাপ্তি সাপেক্ষে)।

৩। ২০০৫ইং সাল থেকে ২০১৭-১৮ইং অর্থ সন পর্যন্ত ক্ষুদ্র ঋণ কর্মসূচীর আওতায় প্রদত্ত ঋণ সমূহের অনাদায়ী/খেলাপি ঋণ আদায় করা এবং ২০১৮-১৯ অর্থ সনে অন্ততঃ ২০ (বিশ) জন দরিদ্র মহিলাদের মধ্যে ঋণ বিতরণের মাধ্যমে অর্থনৈতিক স্বাবলম্বী গড়ে তোলা।

উপক্রমণিকা (Preamble)

জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান জেলা শাখা-এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকার ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর অধীন জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান জেলা শাখা-এর দায়িত্ব নিয়োজিত মাননীয় চেয়ারম্যান-এর প্রতিধিনি হিসেবে জেলা নির্বাহী অফিসার, জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান।

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়-এর অধীন জাতীয় মহিলা সংস্থা,প্রধান কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় চেয়ারম্যান-এর প্রতিনিধি হিসেবে নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, ঢাকা-এর মধ্যে ২০১৮ সালের জুন/২০১৮ মাসের ২৬/০৬/২০১৮খ্রি. তারিখ এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন।

সেকশন ১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) জেন্ডার সমতাভিত্তিক সমাজ ও সুরক্ষিত নারী।

১.২ অভিলক্ষ্য (Mission): নারীর ক্ষমতায়ন, মানবাধিকার প্রতিষ্ঠা ও উন্নয়নের মূল ধারায় সম্পৃক্তকরণ।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):

১. সামজিক ও অর্থনৈতিক কর্মকান্ডে নারীদের সমসুযোগ সৃষ্টি ও ক্ষমতায়ন;

২. নারী ও শিশুদের জন্য সামাজিক নিরাপত্তা, ন্যায় বিচার প্রতিষ্ঠা ও আইনগত অধিকার রক্ষার্থে সহায়তা প্রদান করা;

১.৩.২ আব্যশিক কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২. সংস্থার মাসিক এবং ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রধান কার্যালয়ের প্রেরণ;

৩. উদ্ভাবান ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;

৪. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন;

৫. তথ্য অধিকার বাস্তবায়নে সংযোগীতা প্রদান।

৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Function):

১. জাতীয় জীবনের সকল ক্ষেত্রে মহিলাগণের সচেতনতা বৃদ্ধিও লক্ষ্যে কাজ করা;

২. মহিলাদের জন্য কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা কার;

৩. নারীর সামজিক নিরাপত্তা জোরদারকরণে আর্থিক সুবিধা প্রদান;

৪. নারী উদ্যোক্তাদেও ক্ষমতায়ন ও কর্মদক্ষতা বিকাশে সহায়তা প্রদান;

৫. আধুনিক তথ্য প্রযুক্তিতে নারীর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি;

৬. মহিলাদের আইনগত অধিকার রক্ষার্থে সহায়তা ও কাউন্সিলিং করা;

৭. মহিলাদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন সম্মেলন, সেমিনার ও কর্মশালার ব্যবস্থা করা;

৮. আন্তর্জাতিক নারী দিবস, জাতীয় শিশু দিবস, ব্রেষ্ট ক্যান্সার দিবস ও রোকেয়া দিবস পালন। তাছাড়া সরকার কর্তৃক নির্দেশিত যে কোন কার্যাবলি সম্পাদন করা।

আমি, নির্বাহী অফিসার, জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান জেলা শাখার মাননীয় চেয়ারম্যান-এর প্রতিনিধি হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ধীন জাতীয় মহিলা সংস্থা প্রধান কার্যালয়-এর মাননীয় চেয়ারম্যান-এর প্রতিনিধি নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি নির্বাহী পরিচালক জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয়, ঢাকা, নির্বাহী অফিসার জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান এর নিকট অঙ্গীকার করছি য, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা করব ।

স্বাক্ষরিতঃ

....

নির্বাহী অফিসার, জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান। তারিখ

....

....

নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা, প্রধান কার্যালয় ঢাকা। তারিখ

....

সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

JMS (Jatiyo Mohila Songstha)